ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৫৭

আগরতলা,২৬ জুলাই,২০২৫

# পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের জেলা আধিকারিক জানান, ২০২৫-২৬ অর্থবছরে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে পশ্চিম জেলায় ৭২০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে অর্থাৎ ১ এপ্রিল, ২০২৫ থেকে ২২ জুন, ২০২৫ পর্যন্ত ১৮৬.৫ কোটি টাকা সংগৃহীত হয়েছে। পরিসংখ্যান দপ্তরের জেলা প্রতিনিধি সভায় জানান, চলতি অর্থবছরে ন্যাশনাল স্যাম্পল সার্ভের ৮০তম পর্যায়ের কাজ ১ এপ্রিল, ২০২৫ থেকে শুরু হয়েছে। ৪টি সাব-রাউন্ডে এই কাজ হবে। এরমধ্যে ২টি সাব-রাউন্ডের কাজ শেষ হয়েছে। বিভিন্ন শিক্ষামূলক বিষয় নিয়ে এই ২টি সাব-রাউন্ডের কাজ করা হয়েছে। আগামী মাস থেকে সাব থার্ড রাউন্ডের কাজ শুরু হবে। এই রাউন্ডে স্বাস্থ্য বিষয়ক সার্ভে করা হবে। এই রাউন্ডে গ্রামীণ এলাকার ১৬টি রেভেনিউ ব্লক এবং শহর এলাকার ১০টি ব্লক সার্ভে করা হবে।

জিলা পরিষদ থেকে সভায় জানানো হয়, জিলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশনের আনটাইড ফান্ড থেকে এবছর জিরানীয়া ব্লকের হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েতের অফিস কক্ষ নির্মাণের জন্য ৩ লক্ষ টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া জিরানীয়া পঞ্চায়েত সমিতির পঞ্চদশ অর্থকমিশনের আনটাইড ফান্ড থেকেও এই নির্মাণ কাজের জন্য ১ লক্ষ ৯৯ হজার ৯০১ টাকা ব্যয় করার সিদ্ধান্ত নেওয়া হয়। বামুটিয়া ব্লক এলাকায় ১টি কমিউনিটি হল সংস্কার করার জন্যও জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে ৬ লক্ষ টাকা দেওয়ার সিদ্ধান্ত সভায় গ্রহণ করা হয়েছে।

*****